



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়



স্থানীয় সরকার বিভাগ

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৭১.২২-৮৮৮

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯

১৯ মে ২০২২

বিষয়: রিট পিটিশন নং ৩২৪৬/২০২২-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ৩২৪৬/২০২২-এর ০৭/০৩/২০২২ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন ১০নং কেঁওচিয়া ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের মেম্বার পদের ভোটে অনিয়মের অভিযোগ এনে উক্ত ফলাফল বাতিল চেয়ে পুনরায় নির্বাচনের নির্দেশনা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ সাত জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ৩২৪৬/২০২২ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারি করেছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, চট্টগ্রাম।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩২৪৬/২০২২ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে...পাতা।

১৯-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৭১.২২-৮৮৮/১(৪)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯

১৯ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৯-৫-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব